


দৈনিক ইকিলাব



সন্ত্রাস রোধেও শিক্ষকদের
ভূমিকা অপরিসীম
-শিক্ষা প্রতিমন্ত্রী

রংপুর থেকে জেলা সংবাদদাতা :
শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন বলেছেন, শিক্ষিত ও আদর্শ জাতি গঠনে শিক্ষকদের যেমন ভূমিকা রয়েছে, তেমনি সন্ত্রাস রোধেও শিক্ষকদের ভূমিকা অপরিসীম। শিক্ষকগণই আমাদেরকে দিতে পারেন একটি সন্ত্রাসমুক্ত আদর্শ শিক্ষিত জাতি উপহার। এজন্য তাদেরকে সং মনোভাব নিয়ে পেশাগত দায়িত্ব পালন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে প্রকৃত শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে হবে। নকলপ্রবণতা কঠোর হস্তে রোধ করতে হবে। নকল প্রতিরোধে শিক্ষকগণ আন্তরিক না হলে কোনভাবেই নকল প্রতিরোধ করা সম্ভব হবে না। তাই পরীক্ষায় নকল প্রতিরোধে শিক্ষকগণকেই সর্বপ্রথম সচেতন হতে হবে।